



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
BANGLADESH AGRICULTURAL RESEARCH INSTITUTE
JOYDEBPUR, GAZIPUR-1701

কৃষিই সমৃদ্ধি
Office Ph: 88-02-49270003
PABX: 49270041-8 Ex-5304
Fax: 88-02-9262954
E-mail: dir.tnc@bari.gov.bd
Web: www.bari.gov.bd

স্মারক নং-বারি/প্র. ও যো./NATP Phase-II/পিএইচডি-১৪/২০১৮/ ২২৩৪৮ তারিখ: ২৩/৫/১৮

প্রেরক : পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুর
প্রাপক : প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, আলমনগর, রংপুর
বিষয় : মোছা. উম্মে ছালমা খাতুন, বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, আলমনগর, রংপুর-এর অনুকূলে দেশে পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্তে বৃত্তিসহ প্রেষণাদেশ জারী প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৪৮৫; তারিখ: ৩০/০৪/২০১৮ খ্রি.

মোছা. উম্মে ছালমা খাতুন, বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, আলমনগর, রংপুর-এর অনুকূলে "National Agricultural Technology Program Phase-II" শীর্ষক প্রকল্পের আওতায় ০৬/০৫/২০১৮ খ্রি. হতে ০৫/০৫/২০২১ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে কৃষিতত্ত্ব বিষয়ে বৃত্তিসহ পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে প্রেষণাদেশ জারী করা হইল।

প্রেষণাদেশের শর্তাবলী:

- পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য প্রেষণের সম্পূর্ণ মেয়াদকাল তিনি কর্মরত রহিয়াছেন বলিয়া গণ্য হইবে।
- প্রেষণকালে তাঁহার প্রাপ্যতানুযায়ী স্বাভাবিক বেতন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।
- প্রেষণকালীন সময়ে তিনি "National Agricultural Technology Program Phase-II" এর নিয়মানুযায়ী মাসিক বৃত্তি এবং গবেষণা খরচ বাবদ অর্থ প্রাপ্ত হইবেন।
- পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য অত্র ইনস্টিটিউট কর্তৃক প্রণীত নীতিমালা মানিতে বাধ্য থাকিবেন।
- তিনি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর বরাবর অবশ্যই প্রেরণ করিবেন।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেষণাদেশ প্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে দপ্তরের যাবতীয় পাওনাদি গ্রহণ সাপেক্ষে অব্যাহতি প্রদান করিবেন।
- প্রেষণ শেষে যোগাদানের তারিখ হইতে তিনি অঙ্গীকারনামা ও চুক্তিনামা অনুযায়ী বিএআরআই-তে ০৪ (চার) বৎসর চাকুরী করিতে বাধ্য থাকিবেন।
- প্রেষণ শেষ হইলে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক মহোদয়ের নিকট অভিসন্দর্ভ (ডিস্যারটেশন) এর মূল/খসড়া কপিসহ যোগাদানপত্র পেশ করিবেন।
- প্রেষণ শেষে চাকুরীতে যোগাদানের পর হইতে অঙ্গীকারনামা ও চুক্তিনামার নির্ধারিত শর্তসমূহ এবং চাকুরীর যাবতীয় নিয়মাবলী মানিতে বাধ্য থাকিবেন।
- ডিগ্রি অর্জনে ব্যর্থ হইলে চাকুরীর মেয়াদ পূরণসহ নির্ধারিত আর্থিক ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন।

স্বাক্ষরিত/-

(ড. পরিতোষ কুমার মালিকার)
পরিচালক (প্র. ও যো.)

স্মারক নং-বারি/প্র. ও যো./NATP Phase-II/পিএইচডি-১৪/২০১৮/ ২২৩৪৮

তারিখ: ২৩/৫/১৮

অনুলিপি:

- পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরআই, গাজীপুর
- পরিচালক, PIU, BARC, NATP-II, ফার্মগেট, ঢাকা
- মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর। আপনার সদয় অবগতি এবং ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
- বিভাগীয় প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
- উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, গাজীপুর
- মোছা. উম্মে ছালমা খাতুন, বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, আলমনগর, রংপুর
- নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, ফার্মগেট, ঢাকা
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- এসইআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- অফিস কপি

(ড. পরিতোষ কুমার মালিকার)
পরিচালক (প্র. ও যো.)